



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পৌরসভার নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি
বাস্তবায়ন নির্দেশিকা

Urban Governance Improvement Action Program (UGIAP) of Pourashava
Implementation Guidelines

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প

(অর্থায়নে : বাংলাদেশ সরকার, এশীয় উন্নয়ন ব্যাংক এবং কেএফডব্লিউ)

আরডিইসি ভবন (লেভেল- ৪)

আগারগাঁও, ঢাকা- ১২০৭

ফোন: ৯১১০৩৫৯, ফ্যাক্স: ৯১১০২৮০, ই-মেইল: pd.crdp@yahoo.com

জুন ২০১৩

সূচিপত্র

প্রথম অধ্যায়	:	পটভূমি (Background)	১
দ্বিতীয় অধ্যায়	:	নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প (City Region Development Project)	২
		২.১ পটভূমি (Background)	২
		২.২ লক্ষ্য (Goal)	২
		২.৩ উদ্দেশ্যাবলী (Objectives)	২
		২.৪ কার্যকাল (Duration)	২
		২.৫ অর্থায়ন (Financing)	২
		২.৬ প্রকল্প এলাকা (Project Locations)	৩
		২.৭ প্রকল্পের উপাংশসমূহ (Project Components)	৩
		২.৮ বাস্তবায়নকারী সংস্থা (Implementing Agencies)	৩
		২.৯ প্রকল্প বাস্তবায়ন সহায়তাকারী পরামর্শক সমূহ (Project Implementing Consultants)	৩
		২.৯.১ ম্যানেজমেন্ট, ডিজাইন ও সুপারভিশন (Management, Design and Supervision) পরামর্শক	৩
		২.৯.২ আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা (Regional Development Planning) পরামর্শক	৪
		২.৯.৩ মিউনিসিপ্যাল ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (Municipal Capacity Development) পরামর্শক	৪
		২.৯.৪ ব্যক্তিভিত্তিক পরামর্শকবৃন্দ (Individual Consultants)	৪
		২.১০ উপসংহার (Conclusion)	৪
তৃতীয় অধ্যায়	:	নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (Urban Governance Improvement Action Program)	৫
		৩.১ ধারণা (Concept)	৫
		৩.২ লক্ষ্য (Goal)	৫
		৩.৩ উদ্দেশ্যাবলী (Objectives)	৫
		৩.৪ সংক্ষিপ্ত বিবরণ (Brief Description)	৫
		৩.৫ উপসংহার (Conclusion)	৬
চতুর্থ অধ্যায়	:	নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নে পৌরসভার দায়িত্ব ও কর্তব্য (Duties and Responsibilities of the Pourashava in Implementing UGIAP)	৭
		৪.১ নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন (UGIAP Implementation)	৭
		৪.২ নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নে পৌরসভার করণীয় (Tasks of the Pourashava in Implementing UGIAP)	৭
পঞ্চম অধ্যায়	:	নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি ও ইউনিটসমূহ (UGIAP Implementation Co-ordination Committee and Units)	৮
		৫.১ ভূমিকা (Introduction)	৮
		৫.২ নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UGIAP Implementation Co-ordination Committee)	৮
		৫.৩ ইনফ্রাস্ট্রাকচার ইউনিট (Infrastructure Unit)	৯
		৫.৪ ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (Capacity Development Unit)	৯
		৫.৫ ওয়াটার সাপ্লাই এ- স্যানিটেশন ইউনিট (Water Supply and Sanitation Unit)	১০
		৫.৬ শহর সমন্বয় কমিটি (Town Level Coordination Committee)	১১
		৫.৭ ওয়ার্ড সমন্বয় কমিটি (Ward Level Coordination Committee)	১২
		৫.৮ স্থায়ী কমিটিসমূহ (Standing Committees)	১২
		৫.৯ শহর পরিকল্পনা শাখা (Urban Planning Section)	১৪
		৫.১০ গণযোগাযোগ সেল (Mass Communication Cell)	১৪
		৫.১১ জেন্ডার কমিটি (Gender Committee)	১৫
ষষ্ঠ অধ্যায়	:	পৌরসভার নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন পরিকল্পনা (UGIAP Implementation Plan for Pourashava)	১৬
সপ্তম অধ্যায়	:	পৌরসভার নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন পরিকল্পনার পরিবীক্ষণ ও মূল্যায়ন ফরম্যাট (Monitoring and Evaluation Format for UGIAP Implementation Plan)	২৭
অষ্টম অধ্যায়	:	নাগরিক সনদ (Citizen Charter)	৪২
		পরিশিষ্ট ১ঃ নাগরিক সনদের (Citizen Charter) নমুনা	৪৩

প্রথম অধ্যায়

পটভূমি

Background

বাংলাদেশ সরকার, এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এবং জার্মান সরকারের আর্থিক সহায়তা সংস্থা কেএফডব্লিউ (KfW) এর আর্থিক সহায়তায় বাস্তবায়নাধীন “নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প” (City Region Development Project- CRDP) এর মূল লক্ষ্য হলো আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে প্রকল্প এলাকায় অবস্থিত সিটি কর্পোরেশন, পৌরসভা ও শহরকেন্দ্রসমূহের পরিকল্পিত নগরায়ন। এ লক্ষ্য অর্জনে প্রকল্পভুক্ত সিটি কর্পোরেশন, পৌরসভা এবং শহরকেন্দ্রসমূহের কার্যকর ও স্থায়িত্বশীল উন্নয়ন নিশ্চিত করার জন্য “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি” (Urban Governance Improvement Action Program- UGIAP) প্রণয়ন করা হয়েছে। UGIAP-এ ৮ (আট) টি প্রধান কর্মক্ষেত্র (Key Areas of Activities) বাস্তবায়নের জন্য নির্ধারণ করা হয়েছে। কর্মক্ষেত্রগুলো হলো – (১) নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ, (২) শহর পরিকল্পনা, (৩) আর্থিক দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা, (৪) নারীদের অংশগ্রহণ, (৫) প্রশাসনিক স্বচ্ছতা, (৬) পৌরসেবা ও অবকাঠামো উন্নয়নে সরকারি-বেসরকারি সংস্থার অংশীদারিত্ব (PPP), (৭) আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে পৌরসেবাসমূহের উন্নয়ন এবং (৮) পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষা।

এশীয় উন্নয়ন ব্যাংক সাহায্যপুষ্ট স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প (UGIIP) ও দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প (UGIIP-2) এর লব্ধ অভিজ্ঞতা বিবেচনায় এনে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এবং বাস্তবায়নাধীন নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের সঙ্গে সংগতি রেখে CRDP-র নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) প্রণয়ন এবং এর কর্মতৎপরতা (Activity) ও করণীয়সমূহ (Tasks) নির্ধারণ করা হয়েছে। এ ছাড়াও বিদ্যমান পৌরসভাসমূহের সাংগঠনিক কাঠামো, ব্যবস্থাপনা দক্ষতা ও দুর্বলতা বিবেচনায় রেখে বাস্তবায়ন পরিকল্পনা, কর্মসম্পাদনের মাপকাঠি ও বাস্তবায়নের সময়সূচি UGIAP এ সংযোজন করা হয়েছে। প্রতিটি কর্মক্ষেত্রে (Areas of Activities) করণীয়সমূহ যথাযথ বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট নির্দেশনা দেয়া হয়েছে। নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের UGIAP এর বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে, এ কর্মসূচিতে (ক) পৌরসেবা ও অবকাঠামো উন্নয়নে সরকারি-বেসরকারি সংস্থার অংশীদারিত্ব; (খ) আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে পৌরসেবাসমূহের উন্নয়ন এবং (গ) পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষা- এ তিনটি নতুন কর্মতৎপরতা অঙ্গীভুক্ত করা হয়েছে।

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) বাস্তবায়ন করতে সামর্থ্য হলে প্রকল্পাধীন পৌরসভাসমূহ পৌরসেবা প্রদানে দক্ষতা অর্জন করবে। ফলশ্রুতিতে পৌরসভার স্থায়িত্বশীল উন্নয়ন নিশ্চিত হবে। এখানে একটি বিষয় বিশেষভাবে উল্লেখ্য, নগর অঞ্চল উন্নয়ন পকল্পের আওতায় পৌরসভার উপ-প্রকল্প বাস্তবায়নের মূল শর্ত হচ্ছে সম্পূর্ণ সফলতার সঙ্গে UGIAP বাস্তবায়ন করা। কোনও পৌরসভা UGIAP বাস্তবায়নে ব্যর্থ হলে সে পৌরসভা উপ-প্রকল্পের বরাদ্দ প্রাপ্তি থেকে বঞ্চিত হবে।

পৌরসভার নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) বাস্তবায়ন নির্দেশিকায় নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের সংজ্ঞাপ্ত বিবরণ; নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) সম্পর্কে ধারণা; এর বাস্তবায়নে পৌরসভার দায়িত্ব ও কর্তব্য; এ সংক্রান্ত বিভিন্ন কমিটি/সেল/ইউনিট গঠন ও এদের কার্যাবলী এবং UGIAP বাস্তবায়ন পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন ফরম্যাট সম্পর্কে পরবর্তী অধ্যায়গুলিতে বিশদভাবে আলোচনা করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প City Region Development Project

২.১ পটভূমি (Background)

বাংলাদেশে নগরায়ন দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। দ্রুত নগরায়ন প্রক্রিয়ার অংশ হিসেবে মহানগরী, এর সন্নিহিত মাঝারী শহর এবং শহরকেন্দ্র/নগরের প্রাঙ্গণিক এলাকাসমূহ নিয়ে নগর অঞ্চল গড়ে উঠেছে। কিন্তু এসব নগর অঞ্চলে নগরায়নের সাথে সমান গতিতে নগর অবকাঠামো উন্নয়ন করা সম্ভব হয়নি। অর্থনৈতিক সম্ভাবনার বিকাশ, পরিবেশগত উন্নয়ন সাধন এবং শহর অঞ্চলের অপরিকল্পিত বিস্তার রোধকল্পে পরিকল্পিত আঞ্চলিক নগর উন্নয়নের প্রয়োজন রয়েছে। বাংলাদেশ সরকার অপরিকল্পিত নগরায়ন প্রতিরোধ করতে জাতীয় নগরায়ন নীতির অবর্তমানে জাতীয় গৃহায়ন নীতি (১৯৯৩), জাতীয় পানি নীতি (১৯৯৮), জাতীয় স্যানিটেশন কৌশল (২০০৫), জাতীয় স্থল পরিবহন নীতি (২০০৪), জাতীয় শিল্পায়ন নীতি (২০১০), বৈশ্বিক জলবায়ু পরিবর্তন নীতি (২০১০) ইত্যাদির আলোকে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

একটি মহানগরের পার্শ্ববর্তী মাঝারী শহর ও শহরকেন্দ্রে পানি সরবরাহ, স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা, পানি নিষ্কাশন ব্যবস্থা, সড়ক বাতি, নগর পরিবহন ইত্যাদি অবকাঠামোগত সুবিধা প্রদান করা হলে এসব অঞ্চলে অর্থনৈতিক কর্মকা- বৃদ্ধির সঙ্গে সঙ্গে মানুষের কর্মসংস্থানও বৃদ্ধি পাবে এবং বড় শহরে অভিবাসন (Migration) দিন-দিন হ্রাস পাবে। মূলতঃ এই ধারণার ওপর ভিত্তি করে ঢাকা ও খুলনা শহর অঞ্চলের জন্য নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প প্রণয়ন করা হয়েছে।

২.২ লক্ষ্য (Goal)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে কার্যকর আঞ্চলিক নগর পরিকল্পনার মাধ্যমে ঢাকা নগর অঞ্চল ও খুলনা নগর অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধির সম্ভাবনা বাড়ানো এবং পরিবেশের টেকসই উন্নতি সাধন করা।

২.৩ উদ্দেশ্যাবলী (Objectives)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্য হচ্ছে কার্যকর আঞ্চলিক নগর পরিকল্পনার আলোকে শহর ও নগরের পরিবেশ এবং অবকাঠামোগত সুবিধাদির উন্নয়ন করা। প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের আওতায় যেসব কার্যক্রম হাতে নেয়া হয়েছে তা হচ্ছে –

- নগর পরিবেশ ও স্থানীয় অর্থনৈতিক উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ শহর অবকাঠামোসমূহের উন্নয়ন;
- আঞ্চলিক নগর পরিকল্পনার উন্নয়ন; এবং
- কার্যকর ও টেকসই নগর উন্নয়নের জন্য পৌর ব্যবস্থাপনা শক্তিশালী করা ও সামর্থ্য বাড়ানো।

২.৪ কার্যকাল (Duration)

প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই ২০১১ থেকে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত।

২.৫ অর্থায়ন (Financing)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প (City Region Development Project – CRDP) এর উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (Development Project Proposal – DPP) গত ০২-০৮-২০১১ খ্রিষ্টাব্দ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৩০৫.৬৩ কোটি টাকার মধ্যে এশীয় উন্নয়ন ব্যাংক ঋণ হিসেবে ৮৩৪.০০ কোটি টাকা ও অনুদান হিসেবে ১৫.১২ কোটি টাকা, কেএফডব্লিউ অনুদান হিসেবে ১০৭.১০ কোটি টাকা এবং বাংলাদেশ সরকার অনুদান হিসেবে ৩৪৯.৪১ কোটি টাকা পদান করবে। এছাড়াও সুইডিস সিডা (SIDA) তিনটি শহরকেন্দ্রের পরিকল্পিত উন্নয়নের জন্য অনুদান হিসেবে ৯০.৩৫ কোটি টাকা প্রদান করবে। ফলে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৩৯৫.৯৮ কোটি টাকায় উন্নীত হবে।

২.৬ প্রকল্প এলাকা (Project Locations)

ঢাকা নগর অঞ্চল ও খুলনা নগর অঞ্চল নিয়ে নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের প্রকল্প এলাকা গঠিত। ঢাকা নগর অঞ্চলের আওতায় রয়েছে ৪টি সিটি কর্পোরেশন (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গাজীপুর সিটি কর্পোরেশন ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন), ৮টি পৌরসভা (সাতার, মানিকগঞ্জ, সিঙ্গাইর, কালিয়াকৈর, নরসিংদী, তারাব, কাঞ্চন ও সোনারগাঁও) এবং ৩টি জেলার (ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জ) ১২টি উপজেলা (কেরাণীগঞ্জ, ধামরাই, সাতার, গাজীপুর সদর, কালিগঞ্জ, কালিয়াকৈর, শ্রীপুর, নারায়ণগঞ্জ সদর, রূপগঞ্জ, সোনারগাঁও, বন্দর, ও আড়াইহাজার) থেকে নির্বাচিত ১২টি শহরকেন্দ্র।

খুলনা নগর অঞ্চলের মধ্যে রয়েছে ১টি সিটি কর্পোরেশন (খুলনা সিটি কর্পোরেশন), ৪টি পৌরসভা (যশোর, নওয়াপাড়া, ঝিকরগাছা ও মোংলা পোর্ট) এবং ৩টি জেলার (খুলনা, বাগেরহাট ও যশোর) ২৪টি উপজেলা (বটিয়াঘাটা, দাকোপ, তেরখাদা, দিঘলিয়া, রূপসা, কয়রা, ডুমুরিয়া, ফুলতলা, পাইকগাছা, বাগেরহাট সদর, কচুয়া, মোড়েলগঞ্জ, মোংলা, রামপাল, মোল্লাহাট, ফকিরহাট, চিতলমারী, শরণখোলা, বাঘারপাড়া, মনিরামপুর, কেশবপুর, ঝিকরগাছা, শার্শা ও চৌগাছা) থেকে নির্বাচিত ২৪টি শহরকেন্দ্র।

২.৭ প্রকল্পের উপাংশসমূহ (Project Components)

প্রকল্পের ৩টি উপাংশ রয়েছে। এগুলো হলোঃ

- (১) **নগর অবকাঠামোসমূহের উন্নয়ন (Development of Urban Infrastructure)ঃ** নগর পরিবেশ এবং স্থানীয় অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে প্রকল্প এলাকায় নগর যোগাযোগ ব্যবস্থা, পানি সরবরাহ ও স্যানিটেশন, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, নিষ্কাশন ব্যবস্থা, জ্বালানী ও বিদ্যুৎশক্তি ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি, নগর পরিবহন এবং নগর ঐতিহ্য সংরক্ষণ ইত্যাদি উপ-প্রকল্পে বিনিয়োগ করা;
- (২) **নগর পরিকল্পনার উন্নয়ন (Improvement of Urban Planning)ঃ** নগর উন্নয়ন পরিকল্পনা পর্যালোচনা ও হালনাগাদকরণ, স্যাটেলাইট সিটির সম্ভাব্যতা যাচাই এবং সংশ্লিষ্ট পৌরসভা ও নগরঞ্চল পরিকল্পনার কাজে নিয়োজিত সংস্থাগুলির (যথাঃ রাজউক) দক্ষতা বৃদ্ধি ও তাদের সঙ্গে সম্পর্ক সুদৃঢ়করণে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা; এবং
- (৩) **পৌরব্যবস্থাপনা শক্তিশালী ও সামর্থ্য বৃদ্ধি করা (Strengthening of Municipal Management and Capacity)ঃ** প্রকল্পাধীন বিভিন্ন পৌরসভার পরিচালন ব্যবস্থাপনা উন্নতিকরণের লক্ষ্যে উন্নয়ন কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণ, নগর পরিকল্পনা ও পৌরকর আদায়ে দক্ষতা অর্জনের ক্ষেত্রে সামর্থ্য বৃদ্ধির যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা।

প্রকল্পাধীন সিটি কর্পোরেশন, পৌরসভা ও শহরকেন্দ্রের পরিচালন ব্যবস্থাপনা ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (Urban Governance Improvement Action Program – UGIAP) কে একটি অর্জিতব্য উদ্যোগ হিসেবে পরিগণিত করা হয়েছে। এ সম্পর্কে পরবর্তী অধ্যায়ে বিশদ বিবরণ দেয়া হয়েছে।

২.৮ বাস্তবায়নকারী সংস্থাসমূহ (Implementing Agencies)

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) প্রকল্পের প্রধান বাস্তবায়নকারী সংস্থা (Executing Agency) হিসেবে কাজ করছে। এজন্য এলজিইডি সদর দপ্তরে একজন প্রকল্প পরিচালকের নেতৃত্বে প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিট (PMCU) গঠন করা হয়েছে। এছাড়া বিভিন্ন উপ-প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক); সংশ্লিষ্ট ৫টি সিটি কর্পোরেশন (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, গাজীপুর সিটি কর্পোরেশন ও খুলনা সিটি কর্পোরেশন); ১২টি পৌরসভা (সাতার, মানিকগঞ্জ, সিঙ্গাইর, কালিয়াকৈর, নরসিংদী, তারাব, কাঞ্চন, সোনারগাঁও, যশোর, নওয়াপাড়া, ঝিকরগাছা ও মোংলা পোর্ট); এলজিইডি ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এর ৬টি জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU) গঠন করা হয়েছে। PIU সমূহ স্ব-স্ব এলাকার উপ-প্রকল্পের কাজ বাস্তবায়ন করবে।

২.৯ প্রকল্প বাস্তবায়ন সহায়তাকারী পরামর্শক (Project Implementing Consultants)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের বিভিন্ন উপাংশ বাস্তবায়নের জন্য ৪ শ্রেণীর পরামর্শক প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিটকে সার্বিকভাবে সহায়তা প্রদান করবে। এই ৪ শ্রেণীর পরামর্শকদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত আলোচনা কর হলো।

২.৯.১ ম্যানেজমেন্ট, ডিজাইন ও সুপারভিশন (Management, Design and Supervision – MDS) পরামর্শক

ম্যানেজমেন্ট, ডিজাইন ও সুপারভিশন পরামর্শকবৃন্দ প্রকল্পের নগর অবকাঠামো উন্নয়ন কার্যক্রমের উপ-প্রকল্প সংশ্লিষ্ট যাবতীয় জরিপ সম্পাদনসহ বিস্তারিত ডিজাইন প্রণয়ন, কাজ ও পণ্যদ্রব্য (work and goods) ক্রয়ের টেকনিক্যাল স্পেসিফিকেশন ও টেন্ডার

ডকুমেন্ট তৈরি, উপ-প্রকল্পসমূহের নিবিড় তদারকি ও পরিবীক্ষণ ইত্যাদি কার্যাবলী সম্পাদন করবেন। এছাড়া নতুন উপ-প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাবিত উপ-প্রকল্পসমূহের সম্ভাব্যতা যাচাইসহ উপ-প্রকল্প তালিকা চূড়ান্তকরণে PMCU কে সহায়তা করবেন।

২.৯.২ আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা (Regional Development Planning – RDP) পরামর্শক

নগর উন্নয়ন পরিকল্পনা এবং আঞ্চলিক পরিকল্পনা ও পরিচালন ব্যবস্থা শক্তিশালী ও দড়াতা বাড়ানোর লক্ষ্যে এই পরামর্শকবন্দ রাজউকে সহায়তা প্রদান করবেন। পরামর্শকবন্দ প্রকল্পের নগর পরিকল্পনার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করবেন।

২.৯.৩ মিউনিসিপ্যাল ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (Municipal Capacity Development – MCD) পরামর্শক

মিউনিসিপ্যাল ক্যাপাসিটি ডেভেলপমেন্ট পরামর্শকবন্দ প্রকল্পের নগর ও শহর এলাকার স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের পরিচালন ব্যবস্থাপনা ও সামর্থ্য বাড়ানোর (Strengthening of Municipal Management and Capacity) কার্যক্রম বাস্তবায়নে পরামর্শক সেবা প্রদান করবেন।

২.৯.৪ ব্যক্তিভিত্তিক পরামর্শক (Individual Consultants)

ব্যক্তিভিত্তিক পরামর্শকবন্দ সরাসরি প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিটের (PMCU) সঙ্গে সার্বিকভাবে প্রকল্প ব্যবস্থাপনার কাজে সহায়তা প্রদান করবেন, এরা হলেন–

- (ক) পরিবেশ সুরক্ষা বিশেষজ্ঞ (Environmental Safeguard Specialist)
- (খ) পুনর্বাসতি স্থাপন ও পুনর্বাসন বিশেষজ্ঞ (Resettlement and Rehabilitation Specialist)
- (গ) পরিবীক্ষণ ও মূল্যায়ন বিশেষজ্ঞ (Monitoring and Evaluation Specialist)
- (ঘ) আর্থিক ব্যবস্থাপনা বিশেষজ্ঞ (Financial Management Specialist)
- (ঙ) ক্রয় বিশেষজ্ঞ (Procurement Specialist)

২.১০ উপসংহার (Conclusion)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের অঙ্গগত সিটি কর্পোরেশন, পৌরসভা ও শহরকেন্দ্রে উপ-প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হলে নগরের অবকাঠামোগত সুবিধা বৃদ্ধির সাথে সাথে পরিকল্পিত নগরায়ন প্রক্রিয়া ত্বরান্বিত হবে, যা প্রকল্প এলাকায় অর্থনৈতিক প্রবৃদ্ধির সম্ভাবনা বাড়িয়ে নগরের টেকসই উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে। আর এ লক্ষ্য অর্জনে প্রয়োজন বাস্তবায়নকারী সংস্থা বিশেষভাবে পৌরসভার পরিচালন ব্যবস্থার উন্নয়ন এবং পৌরসভার সামর্থ্য বাড়ানো। এ উদ্দেশ্যে নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) প্রণয়ন করা হয়েছে, যা প্রকল্পভুক্ত পৌরসভাগুলিকে বাধ্যতামূলকভাবে বাস্তবায়ন করতে হবে।

তৃতীয় অধ্যায়

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি

Urban Governance Improvement Action Program (UGIAP)

৩.১ ধারণা (Concept)

তাত্ত্বিকভাবে এটা ধারণা করা যায় যে, নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) এমন একটা কার্যক্রম, যার সফল বাস্তবায়ন নগর পরিচালন ব্যবস্থায় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে প্রশাসনিক স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠিত করবে। ফলশ্রমতিতে পৌরসভায় সুশাসন সুদৃঢ় এবং উন্নয়ন টেকসই হবে। সার্বিকভাবে UGIAP হচ্ছে জনগণের অংশগ্রহণের মাধ্যমে সুশাসন নিশ্চিতকরণের একটি কৌশল।

৩.২ লক্ষ্য (Goal)

পৌরসভার পরিচালন ব্যবস্থার উন্নয়ন, প্রশাসনিক স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সর্বোপরি বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডে জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করাই UGIAP বাস্তবায়নের মূল লক্ষ্য।

৩.৩ উদ্দেশ্যাবলী (Objectives)

পৌরসভায় UGIAP বাস্তবায়নের উদ্দেশ্য হচ্ছে—

- পরিকল্পিত নগরায়ন ও উন্নয়নকে টেকসই করতে জনগণের অংশগ্রহণের মাধ্যমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা;
- নারী-পুরুষের মধ্যকার বৈষম্য কমিয়ে উন্নয়ন কর্মকাণ্ডের সকল পর্যায়ে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করা;
- পৌরসভার আর্থিক ভিত্তি সুদৃঢ় করতে অধিকহারে স্থানীয় সম্পদ আহরণের মাধ্যমে পৌরসেবার মান ও পরিমাণ বৃদ্ধি করা;
- পৌরসভার পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষা করা।

৩.৪ সংক্ষিপ্ত বিবরণ (Brief Description)

অব্যাহতভাবে নগর জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে অবকাঠামো ও পৌরসেবা প্রদানের চাহিদাও বৃদ্ধি পাচ্ছে। শহরাঞ্চলের অবকাঠামো ও পৌরসেবা প্রদানে সরকার এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, যেমনঃ বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক এর সহায়তায় এলজিইডির মাধ্যমে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

১৯৯১ সালে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) আর্থিক সহায়তায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বাংলাদেশের ১০টি পৌরসভাকে অস্বত্বভুক্ত করে মাঝারী শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (এসটিআইডিপি) হাতে নেয়। এরপর ১৯৯৬ সালে শুরু হয় দ্বিতীয় মাঝারী শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (এসটিআইডিপি - ২)। এই প্রকল্পে ২২টি পৌরসভাকে অস্বত্বভুক্ত করা হয়। এ দুটি প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্পভুক্ত শহরের অবকাঠামোগত উন্নতি হলেও পৌরসভার দক্ষতা বৃদ্ধি, মানব সম্পদের উন্নয়ন, অংশগ্রহণমূলক সম্পদ ব্যবস্থাপনা, দারিদ্র্যহ্রাসকরণ এবং পরিবেশগত বিষয়ে তেমন কোনও উন্নতি হয়নি।

মাঝারী শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ ও ২) এর অভিজ্ঞতা থেকে দেখা যায়, সুশাসন না থাকলে অর্জিত সাফল্য ধরে রাখা কঠিন। এরই প্রেক্ষাপটে ২০০৩ সালের জুলাই মাস থেকে উন্নয়ন সহযোগী সংস্থা এডিবির সহায়তায় শুরু হয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প। নগরের অবকাঠামো উন্নয়নকে টেকসই করতে নগর পরিচালন পদ্ধতির উন্নতিকরণ, তথা নগরে সুশাসন প্রতিষ্ঠাই ছিল এই প্রকল্পের লক্ষ্য। আর এজন্য প্রকল্পাধীন পৌরসভাগুলোকে দক্ষতা বৃদ্ধিসহ বাস্তবায়ন সহায়তা দেয়া হয় এই প্রকল্প থেকে।

নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প (UGIIP) সর্বপ্রথম প্রকল্পভুক্ত পৌরসভায় নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) বাস্তবায়ন কাজ শুরু করে। UGIIP এর নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচিতে (ক) নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ; (খ) নারীদের অংশগ্রহণ; (গ) শহুরে দরিদ্র জনগোষ্ঠীকে একত্রীকরণ; (ঘ) আর্থিক দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা; এবং (ঙ) প্রশাসনিক স্বচ্ছতা – এই ৫টি প্রধান কর্মক্ষেত্র চিহ্নিত করা হয়। এই প্রকল্পের ধারাবাহিকতায় ২০০৯ সালে শুরু হয় দ্বিতীয় নগর পরিচালন

ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প (UGIIP-2)। এই প্রকল্পে পূর্ববর্তী প্রকল্পের (UGIAP) ৫টি কর্মক্ষেত্রের সঙ্গে "নগর পরিকল্পনা" ক্ষেত্রটি অঙ্গভুক্ত করে UGIAP তৈরী করা হয়।

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচিতে (UGIAP) "পৌরসেবা ও অবকাঠামো উন্নয়ন সরকারি-বেসরকারি সংস্থার অংশীদারিত্ব"; "আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে পৌরসেবাসমূহের উন্নয়ন" এবং "পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষা"— এই তিনটি ক্ষেত্র নতুনভাবে সংযোজন করা হয়েছে।

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের UGIAP এ ৮টি কর্মক্ষেত্রে (Key Area) ২৯টি কর্মতৎপরতার আওতায় ১৪৭টি করণীয় বিষয় রয়েছে। কর্মতৎপরতার মধ্যে অনেকগুলি শর্ত আছে, যা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুসারে পৌরসভার জন্য অবশ্য পালনীয়। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর শর্তাবলী প্রকল্পের শর্তের সঙ্গে সন্নিবেশিত করা হয়েছে, যাতে এগুলো সহজে বাস্তবায়ন করা যায়। নিচের ছকে নির্দিষ্ট কর্মক্ষেত্র অনুসারে কর্মতৎপরতা ও করণীয় বিষয়াদির সংখ্যা উল্লেখ করা হলো—

UGIAP এ অঙ্গভুক্ত কর্মক্ষেত্র ও কর্মতৎপরতাসমূহের ছক

ক্রমিক নং (Sl. No.)	কর্মক্ষেত্রসমূহ (Key Areas)	কর্মতৎপরতার সংখ্যা (No. of Activities)	করণীয় বিষয়াদির সংখ্যা (No. of Tasks)
১.	নাগরিক সচেতনতা ও তাঁদের অংশগ্রহণ	৫	২৩
২.	নগর পরিকল্পনা	৫	২০
৩.	আর্থিক দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা	১২	৬৬
৪.	নারীদের অংশগ্রহণ	২	১৫
৫.	প্রশাসনিক স্বচ্ছতা	২	৭
৬.	পৌরসেবা ও অবকাঠামো উন্নয়নে সরকারি-বেসরকারি সংস্থার অংশীদারিত্ব (PPP)	১	৪
৭.	আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে পৌরসেবাসমূহের উন্নয়ন	১	২
৮.	পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষা	১	১০
মোট		২৯	১৪৭

৩.৫ উপসংহার (Conclusion)

সঠিকভাবে নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) বাস্তবায়িত হলে পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণ নিশ্চিত হবে, পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধি পাবে, পরিচালন ব্যবস্থা স্বচ্ছ ও গতিশীল হবে, যা পৌরসেবা প্রদানের পথ সুগম করবে এবং উন্নয়ন হবে টেকসই। আর এই কর্মসূচি প্রকল্প পরবর্তী সময়ে অব্যাহত থাকলে পৌরসভার পরিচালন ব্যবস্থাপনায় সুশাসন সুসংহত হবে। প্রকল্প মেয়াদে কোনও পৌরসভা সম্পূর্ণ সফলতার সাথে UGIAP বাস্তবায়নে ব্যর্থ হলে সে পৌরসভা উপ-প্রকল্প বাস্তবায়নে আর্থিক সহায়তা প্রাপ্তি থেকে বঞ্চিত হবে।

চতুর্থ অধ্যায়

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নে পৌরসভার দায়িত্ব ও কর্তব্য Duties and Responsibilities of the Pourashava in Implementing UGIAP

৪.১ নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন (UGIAP Implementation)

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচিতে ৮টি সুনির্দিষ্ট ক্ষেত্রে (Key Areas) ২৯টি কর্মতৎপরতা (Activities) রয়েছে। এসব কর্মতৎপরতার অঙ্গগত ১৪৭টি করণীয় (Tasks) সম্পাদনের জন্য পৌরসভা পর্যায়ে পৌরপরিষদ ও পৌরসভায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সহায়তা দেয়ার জন্য প্রকল্প থেকে মিউনিসিপ্যাল ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (MCD) পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে পৌরসভায় ৩ শ্রেণীর ফ্যাসিলিটিটর নিয়োগ দেয়া হয়েছে। প্রতি ৩ মাস অঙ্গর পৌরসভার নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিটে (PMCU) পাঠাতে হবে এবং প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিট কর্তৃক UGIAP বাস্তবায়নের অবস্থা মূল্যায়ন করা হবে।

৪.২ নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নে পৌরসভার করণীয় (Tasks of the Pourashaba in implementing UGIAP)

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) বাস্তবায়নে পৌরসভার করণীয় বিষয়সমূহ নিচে দেয়া হলোঃ

- ১। পৌরসভার মেয়রের সার্বিক তত্ত্বাবধানে নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি- UGIAP এর যাবতীয় কাজ "UGIAP বাস্তবায়ন নির্দেশিকা" অনুসরণে বাস্তবায়িত হবে।
- ২। UGIAP বাস্তবায়নের কাজ সমন্বয়ের জন্য পৌরসভার 'নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি' (UGIAP Implementation Co-ordination Committee – UICC) গঠন করতে হবে। (UICC 'র গঠন ও কর্মপরিধি পঞ্চম অধ্যায়ে বর্ণিত হয়েছে।)
- ৩। UGIAP বাস্তবায়নের সহায়তার জন্য পৌরসভায় তিনটি ইউনিট গঠন করতে হবে। এগুলো হচ্ছে 'ইনফ্রাস্ট্রাকচার ইউনিট' (Infrastructure Unit– IU), 'ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট' (Capacity Development Unit – CDU) ও 'ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন ইউনিট' (Water Supply and Sanitation Unit – WSSU) (IU, CDU ও WSSU এর গঠন ও কর্মপরিধি পঞ্চম অধ্যায়ে বর্ণিত হয়েছে।)
- ৪। UGIAP বাস্তবায়নে সরাসরি সম্পৃক্ত বিভিন্ন কমিটি/ইউনিট/সেল, যথা- TLCC, WLCC, MCC, UPS, GC, SC ইত্যাদি গঠন করতে হবে। (এসব কমিটি/ ইউনিট/সেল এর গঠন ও কর্মপরিধি পঞ্চম অধ্যায়ে বর্ণিত হয়েছে।)
- ৫। পৌর পরিষদের মাসিক সভা ও শহর সমন্বয় কমিটির (TLCC) সভায় UGIAP বাস্তবায়ন অগ্রগতি ও বাস্তবায়ন অবস্থা পর্যালোচনা করে সভার কার্যবিবরণী PMCU তে পাঠাতে হবে।
- ৬। পৌরসভার উন্নয়ন বাজেটের কমপক্ষে ৫% অর্থ UGIAP বাস্তবায়নের জন্য বরাদ্দ রাখতে হবে।
- ৭। নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচির যাবতীয় কাজ বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট এলাকা ভিত্তিক (Area-based) ও প্রয়োজনে কর্মতৎপরতা ভিত্তিক (Activity based) নথি খুলতে হবে।
- ৮। নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচির কোনো কাজ বাস্তবায়নে কোনো ধরনের অসুবিধার সম্মুখীন হলে বিষয়টি দ্রুততার সঙ্গে লিখিতভাবে ই-মেইল, ফ্যাক্স ও চিঠির মাধ্যমে প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিট (PMCU) কে জানাতে হবে এবং PMCU থেকে এ বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ দেয়া হবে।

পৌরসভার নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) বাস্তবায়নের জন্য পৌরসভায় নির্দিষ্ট কিছু কমিটি/সেল/ইউনিট গঠনের কথা বলা হয়েছে। উক্ত কমিটিগুলির গঠন ও এদের কর্মপরিধি পরবর্তী অধ্যায়ে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, যেহেতু উপ-প্রকল্প বাস্তবায়নে অর্থ প্রাপ্তি UGIAP এর সফল বাস্তবায়নের ওপর নির্ভরশীল, তাই UGIAP বাস্তবায়নে পৌরসভার নির্বাচিত জনপ্রতিনিধি, পৌরসভার কর্মকর্তা/কর্মচারী এবং স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহায়তা ও অংশগ্রহণ UGIAP বাস্তবায়নকে সহজতর ও সফল করবে।

পঞ্চম অধ্যায়

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি ও ইউনিটসমূহ UGIAP Implementation Co-ordination Committee (UICC) and Units

৫.১ ভূমিকা (Introduction)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (Development Project Proposal – DPP) তে বর্ণিত আছে যে, প্রতিটি পৌরসভায় একটি করে প্রকল্প বাস্তবায়ন ইউনিট (Project Implementation Unit – PIU) গঠন করতে হবে। PIU এর অধীনে তিনটি সেকশন গঠন করতে হবে। এই তিনটি ইউনিট প্রকল্পের উপ-প্রকল্পসমূহ এবং UGIAP বাস্তবায়নে অগ্রগতি ভূমিকা পালন করবে।

পৌরসভা পর্যায়ে নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচির (UGIAP) বিভিন্ন করণীয় বিষয়সমূহ একটি সমন্বিত উদ্যোগের মাধ্যমে সম্পাদন করতে হবে। পৌরসভায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীকে প্রয়োজনে নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচির করণীয় কাজে (Task) সম্পৃক্ত করা যেতে পারে। প্রকল্পের মেয়াদ সমাপ্তির পরেও যাতে পৌরসভার নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের দ্বারা নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচির কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা যায় সে ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

UGIAP বাস্তবায়ন কাজ সম্পাদন করতে পৌরসভা ও ওয়ার্ড পর্যায়ে কিছু কমিটি, ইউনিট ও সেল গঠন করতে হবে। এসব কমিটি, ইউনিট বা সেল UGIAP এর বিভিন্ন কর্মতৎপরতার অঙ্গভূত করণীয়সমূহ (Tasks) সম্পাদন করবে। UGIAP বাস্তবায়ন কাজে সম্পৃক্ত কমিটি, ইউনিট বা সেল এর কাজ সঠিকভাবে তত্ত্বাবধানের জন্য এবং এসব কাজের মধ্যে সমন্বয় সাধনের জন্য পৌরসভা পর্যায়ে মেয়রের নেতৃত্বে নগর পরিচালন উন্নতিকরণ সমন্বয় কমিটি (UICC) গঠন করা যেতে পারে।

UGIAP বাস্তবায়নে পৌরসভাকে সহায়তা দেয়ার জন্য প্রকল্প থেকে মিউনিসিপাল ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (MCD) পরামর্শক গ্রন্থ থেকে প্রতি পৌরসভায় UGIAP এর বিভিন্ন ডোমেনে পারদর্শী ৩ (তিন) জন ফ্যাসিলিটের নিয়োজিত করা হয়েছে, যারা সর্বজনীনভাবে পৌরসভায় অবস্থান করে একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত পৌরসভাকে এ কাজে সহায়তা করবে।

UGIAP বাস্তবায়নের জন্য বিভিন্ন কমিটি, ইউনিট ও সেল এর গঠন এবং কার্যপরিধি নিচে দেয়া হলোঃ

৫.২ নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UGIAP Implementation Co-ordination Committee – UICC)

প্রতিটি পৌরসভায় UGIAP এ বর্ণিত বিভিন্ন কর্মতৎপরতা (Activity) বাস্তবায়ন কাজের মধ্যে সমন্বয়ের জন্য প্রস্তাবিত "নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি" বাস্তবায়ন সমন্বয় কমিটি (UICC) গঠন ও কার্যপরিধি নিচে দেয়া হলো :

গঠনঃ

(ক)	মেয়র	: সভাপতি
(খ)	প্যানেল মেয়র-১	: সদস্য
(গ)	মেয়র কর্তৃক মনোনীত পুরুষ কাউন্সিলর ১জন	: সদস্য
(ঘ)	মেয়র কর্তৃক মনোনীত নারী কাউন্সিলর ১জন	: সদস্য
(ঙ)	নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী	: সদস্য
(চ)	শহর পরিকল্পনাবিদ/সহকারী প্রকৌশলী	: সদস্য
(ছ)	স্বাস্থ্য কর্মকর্তা/স্বাস্থ্য শাখার প্রতিনিধি	: সদস্য
(জ)	বস্ত্র উন্নয়ন কর্মকর্তা/মেয়র মনোনীত কোন কর্মকর্তা	: সদস্য
(ঝ)	একাউন্টস অফিসার/একাউন্ট্যান্ট	: সদস্য
(ঞ)	কর আদায়কারী	: সদস্য
(ট)	এসেসর	: সদস্য
(ঠ)	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব	: সদস্য-সচিব

কার্যপরিধিঃ

- ১। কমিটি মাসিক সভায় মিলিত হয়ে নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করবে।

- ২। UGIAP বাস্তবায়নে উদ্ভূত সমস্যা চিহ্নিত ও সমাধানের উদ্যোগ গ্রহণ করবে।
- ৩। UICC র সদস্য সচিব মাসিক সভার কার্যবিবরণী পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপন করবে।

৫.৩ ইনফ্রাস্ট্রাকচার ইউনিট (Infrastructure Unit – IU)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (Development Project Proposal – DPP) এর নির্দেশনা অনুসরণে পৌরসভার ইনফ্রাস্ট্রাকচার ইউনিট গঠন করতে হবে। এই ইউনিট উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নে সরাসরি ভূমিকা রাখবে।

গঠন :

ক)	নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী	: সভাপতি
খ)	পানি শাখার তত্ত্বাবধায়ক	: সদস্য
গ)	সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)	: সদস্য
ঘ)	শহর পরিকল্পনাবিদ/মেয়র মনোনীত কোন কর্মকর্তা	: সদস্য
ঙ)	সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী	: সদস্য-সচিব

কার্যপরিধি:

- ১। ভৌত অবকাঠামো উন্নয়ন কাজ বাস্তবায়ন, টেন্ডার ডকুমেন্ট তৈরীকরণসহ ক্রয়কাজ সম্পাদন, প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিটের (PMCU) সহায়তায় ঠিকাদারদের দ্বারা বাস্তবায়িত কাজ তদারকি ও প্রকল্পের আওতায় safeguard compliance নিশ্চিত করা;
- ২। অবকাঠামো উন্নয়ন কাজ বাস্তবায়নের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিটে (PMCU) প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা;
- ৩। পৌরসভার ভৌত অবকাঠামোর তালিকা প্রণয়ন করে তা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা; এবং
- ৪। পৌরসভার অবকাঠামোর বার্ষিক পরিচালন এবং রক্ষণাবেক্ষণ পরিকল্পনা (O & M) প্রণয়ন করা।

৫.৪ ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (Capacity Development Unit – CDU)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (DPP) এর নির্দেশনা অনুসরণে ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট গঠন করতে হবে। এই ইউনিট UGIAP বাস্তবায়নে সরাসরি ভূমিকা রাখবে।

গঠন :

ক)	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব	: সভাপতি
খ)	স্বাস্থ্য কর্মকর্তা	: সদস্য
গ)	হিসাব রক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষাক	: সদস্য
ঘ)	প্রশাসনিক কর্মকর্তা/মেয়র মনোনীত কর্মকর্তা	: সদস্য
ঙ)	কর আদায়কারী	: সদস্য
চ)	এসেসর	: সদস্য
ছ)	সচিব/মেয়র মনোনীত কর্মকর্তা	: সদস্য-সচিব

কার্যপরিধি:

- ১। পৌরসভার বিভিন্ন কমিটির (ইনফ্রাস্ট্রাকচার ইউনিট ব্যতীত) সভা নির্দিষ্ট সময়ে অনুষ্ঠান, কার্যবিবরণী প্রস্তুত ও অন্যান্য করণীয় বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;
- ২। পৌরসভা পর্যায়ে নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচির যাবতীয় কাজ তত্ত্বাবধান ও যথাসময়ে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;
- ৩। নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নে যে কোনো ধরনের প্রতিবন্ধকতা নিরসনের জন্য প্রকল্প ব্যবস্থাপনা সমন্বয় ইউনিটের (PMCU) সঙ্গে তাৎক্ষণিক যোগাযোগ করা।

৫.৫ ওয়াটার সাপ্লাই এ- স্যানিটেশন ইউনিট (Water Supply and Sanitation Unit – WSSU)

নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (DPP) এর নির্দেশনা অনুসরণে ওয়াটার সাপ্লাই এ- স্যানিটেশন ইউনিট গঠন করতে হবে। এই ইউনিট ওয়াটার সাপ্লাই এ- স্যানিটেশন সম্পর্কিত বিষয় বাস্তবায়নে সরাসরি ভূমিকা রাখবে।

গঠন :

ক) নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী	: সভাপতি
খ) সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	: সদস্য
গ) সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)	: সদস্য
ঘ) বিল ক্লার্ক	: সদস্য
ঙ) পানি শাখার তত্ত্বাবধায়ক	: সদস্য-সচিব

কার্যপরিধি:

- ১। পৌরসভার ওয়াটার সাপ্লাই এ- স্যানিটেশন সম্পর্কিত বিষয়ের তালিকা প্রণয়ন করে তার পরিচালনা ও রূপাংগণা করা;
- ২। পৌরসভার ওয়াটার সাপ্লাই এ- স্যানিটেশন সম্পর্কিত বিষয়ের ওপর বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে সেই মোতাবেক বাস্তবায়নের কাজ ত্বরান্বিত করা।

প্রকল্পাধীন পৌরসভা

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি (UGIAP Implementation Co-ordination Committee)

মেয়র	: সভাপতি
প্যানেল মেয়র-১	: সদস্য
মেয়র কর্তৃক মনোনীত পুরমন্ড কাউন্সিলর ১জন	: সদস্য
মেয়র কর্তৃক মনোনীত নারী কাউন্সিলর ১জন	: সদস্য
নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী	: সদস্য
শহর পরিকল্পনাবিদ/সহকারী প্রকৌশলী	: সদস্য
স্বাস্থ্য কর্মকর্তা/স্বাস্থ্য শাখার প্রতিনিধি	: সদস্য
বস্ত্র উন্নয়ন কর্মকর্তা/মেয়র মনোনীত কোন কর্মকর্তা	: সদস্য
একাউন্টস অফিসার/একাউন্ট্যান্ট	: সদস্য
কর আদায়কারী	: সদস্য
এসেসর	: সদস্য
প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব	: সদস্য-সচিব

ইনফ্রাস্ট্রাকচার ইউনিট (Infrastructure Unit)

নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী	: সভাপতি
পানি শাখার তত্ত্বাবধায়ক	: সদস্য
সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)	: সদস্য
শহর পরিকল্পনাবিদ/মেয়র মনোনীত কোন কর্মকর্তা	: সদস্য
সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী	: সদস্য-সচিব

ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (Capacity Development Unit)

প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব	: সভাপতি
স্বাস্থ্য কর্মকর্তা	: সদস্য
হিসাব রূপাংগণ কর্মকর্তা/হিসাব রূপাংগণ	: সদস্য
প্রশাসনিক কর্মকর্তা/মেয়র মনোনীত কর্মকর্তা	: সদস্য
কর আদায়কারী	: সদস্য
এসেসর	: সদস্য
সচিব/মেয়র মনোনীত কর্মকর্তা	: সদস্য-সচিব

ওয়াটার সাপ্লাই এ- স্যানিটেশন ইউনিট (Water Supply and Sanitation Unit)

নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী	: সভাপতি
সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	: সদস্য
সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)	: সদস্য
বিল ক্লার্ক	: সদস্য
পানি শাখার তত্ত্বাবধায়ক	: সদস্য-সচিব

৫.৬ শহর সমন্বয় কমিটি (Town Level Coordination Committee –TLCC)

জনগণের অংশগ্রহণ ছাড়া কোনও উন্নয়নই স্থায়িত্ব লাভ করতে পারে না। তাই শহরের উন্নয়নকে টেকসই করতে জনগণের অংশগ্রহণ অপরিহার্য। পৌরসভার সেবামূলক ও অন্যান্য কাজে জনগণের মতামত গ্রহণের উদ্দেশ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর বিভাগ ৫, অধ্যায় ২, ধারা ১১৫(১) অনুসারে সমাজের বিভিন্ন শ্রেণী পেশার প্রতিনিধিদের সমন্বয়ে ৫০ সদস্য বিশিষ্ট শহর সমন্বয় কমিটি (TLCC) গঠন করতে হবে। মূলতঃ এই কমিটি পৌরসভার সকল বিষয়ে আলোচনার কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করবে। ফলশ্রমতিতে পৌরসভার সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে জনগণ অবহিত হবে, যার মাধ্যমে পৌরসেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও প্রশাসনিক কাজে জবাবদিহিতা নিশ্চিত হবে।

স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৬৩.০২২.০১.০০.০০১.২০১১-২৫৮; তারিখঃ ০৯.০৩.২০১১খঃ এর আদেশ অনুযায়ী TLCC র গঠন ও কার্যপরিধি নিচে দেয়া হলোঃ

TLCC র গঠন :

ক)	মেয়র	: চেয়ারপার্সন
খ)	কাউন্সিলর (মেয়র কর্তৃক নির্ধারিত ১২ জন)	: সদস্য
গ)	সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসন, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত, সমাজসেবা, সমবায়, টি এন্ড টি- ৮ জন)	: সদস্য
ঘ)	পেশাজীবী প্রতিনিধি (শিক্ষা, সাংস্কৃতিক, আইনজীবী, ব্যবসায়ি, চিকিৎসক- ৫ জন)	: সদস্য
ঙ)	NGO প্রতিনিধি- ৪ জন	: সদস্য
চ)	নাগরিক সমাজ- ১২ জন	: সদস্য
ছ)	নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি- ৭ জন	: সদস্য
জ)	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব	: সদস্য-সচিব

TLCC গঠনে নিচের বিষয়গুলি বিবেচনায় নিতে হবে—

- (১) প্রতি ওয়ার্ড থেকে ১- ৩ জন সদস্য মনোনীত করা;
- (২) মোট সদস্যের কমপক্ষে ১/৩ অংশ নারী সদস্য অস্বত্বভুক্ত করা;
- (৩) TLCC'র সদস্য চূড়ান্তভাবে নির্বাচনের পূর্বে সম্ভাব্য যোগ্য নাগরিকদের সাথে যোগাযোগ করে TLCC তে অস্বত্বভুক্তিতে তাদের আগ্রহ জানা; এবং
- (৪) প্রতিষ্ঠানের ভূমিকার গুরুত্ব বিবেচনায় রেখে সহযোগী প্রতিষ্ঠান চিহ্নিত করা।

TLCC এর কার্যপরিধিঃ

- ১। নাগরিকদেরকে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণের লক্ষ্যে সচেতন করাসহ পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা তৈরীর বিষয় আলোচনার উদ্যোগ নেয়া;
- ২। পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়ে অগ্রগতি, সহযোগিতা ও তত্ত্বাবধান এবং মনিটরিং করা;
- ৩। কমিটির সভায় পৌরসভার কর ধার্যকরণসহ কর আদায়ের বিষয়ে আলোচনা করা;
- ৪। পৌরসভা কর্তৃক পৌরবাসীকে বিভিন্ন সেবা সংক্রান্ত বিষয়ে আলোচনা করা;
- ৫। কমিটি গঠনের ১৫ দিনের মধ্যে ১ম সভা অনুষ্ঠান করা;
- ৬। প্রতি তিন মাসে একটি সভা আহবান করা এবং প্রতিটি সভার কার্যবিবরণী তৈরী করা;
- ৭। পৌরসভা কর্তৃক বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কর্মকাণ্ডের অগ্রগতি, গুণগতমান ও সমস্যা নিয়ে আলোচনা করা;
- ৮। পৌরসভার পরিচালন ব্যবস্থাপনা উন্নয়নের বিষয়ে আলোচনা করা;
- ৯। পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডে নাগরিক সম্পৃক্ততা নিয়ে আলোচনা করা;
- ১০। পৌরসভার স্থায়ী কমিটিসমূহের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করা; এবং
- ১১। TLCC র সকল আলোচনা, সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা এবং পরবর্তী সভাগুলিতে সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অবস্থা আলোচনা করা ও এ কার্যক্রম অব্যাহত রাখা;

৫.৭ ওয়ার্ড সমন্বয় কমিটি (Ward Level Coordination Committee – WLCC)

ওয়ার্ডের নাগরিকগণকে পৌরসভার উন্নয়ন ও প্রশাসনিক কর্মসূচিতে সম্পৃক্ত করার লক্ষ্যে ১০ সদস্য বিশিষ্ট ওয়ার্ড সমন্বয় কমিটি (WLCC) গঠন করতে হবে, যা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৪(১) ধারা তে উল্লেখ করা হয়েছে। এই কমিটি ওয়ার্ডের বিভিন্ন সমস্যা চিহ্নিত করবে এবং গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানের জন্য শহর সমন্বয় কমিটির (TLCC) মাধ্যমে পৌর পরিষদে উপস্থাপন করবে।

স্থানীয় সরকার বিভাগের ১৯ জুন ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন অনুসারে WLCC র গঠন ও কার্যপরিধি নিচে দেয়া হলোঃ

WLCC র গঠন :

ক)	সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর	: সভাপতি
খ)	সংশ্লিষ্ট ওয়ার্ডের নারী কাউন্সিলর (সংরক্ষিত আসন)	: সহ-সভাপতি
গ)	নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি (৩ জন)	: সদস্য
ঘ)	নাগরিক সমাজের প্রতিনিধি (২ জন)	: সদস্য
ঙ)	পেশাজীবী সংগঠন (২ জন)	: সদস্য
চ)	সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী	: সদস্য-সচিব

উল্লেখ্য, WLCC গঠনে কমিটির মোট সদস্যের ৪০% নারী থাকবে এবং প্রতি তিন মাসে একটি সভা অনুষ্ঠিত হবে।

কার্যপরিধিঃ

- ১। ওয়ার্ডের চলমান বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুণগতমান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকগণের সাথে আলোচনা করা;
- ২। TLCC র কমিটির সভায় ওয়ার্ডের অবকাঠামো এবং সেবা ও সমস্যাসমূহ উপস্থাপন করা;
- ৩। জনগণকে কর, উপ-কর, টোল, ফিস ও রেইট ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা;
- ৪। জন্ম, মৃত্যু নিবন্ধনসহ অত্যাবশ্যকীয় আর্থসামাজিক উপাত্ত সংগ্রহ করা;
- ৫। রাস্তার বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যানমূলক প্রকল্প নির্ধারণের জন্য পরিষদকে পরামর্শ প্রদান;
- ৬। পরিষ্কার পরিচ্ছন্নতা, পরিবেশ সংরক্ষণ, জনস্বাস্থ্য, আইন শৃংখলা, বৃদ্ধারোপণ বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করা;
- ৭। ওয়ার্ডের বিভিন্ন শ্রেণী ও পেশার লোকের মধ্যে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;
- ৮। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিভুক্ত (যেমন ভিজিডি, ভিজিএফ, বয়স্ক ভাতা, ভর্তুকি ইত্যাদি) ব্যক্তিদের তালিকা তৈরী করে পৌরসভায় প্রেরণ করা;
- ৯। জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম, বিশেষতঃ বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারণের ক্ষেত্রে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সহায়তা করা;
- ১০। মহামারী ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা;
- ১১। পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন সাপেক্ষে, প্রতি ৬ (ছয়) মাসে একবার ১৫০ জন গণ্যমান্য ব্যক্তিকে আমন্ত্রণ জানিয়ে ওয়ার্ডের সার্বিক কর্মকা- সম্পর্কে উন্মুক্ত আলোচনা করে তাদের মতামত বাস্তবায়নের জন্য তা পরিষদে প্রেরণ করা;
- ১২। সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত অন্য কোনো দায়িত্ব পালন করা।

৫.৮ স্থায়ী কমিটিসমূহ (Standing Committees – SCs)

(১) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর অধ্যায় ২, ধারা ৫৫ অনুসারে পৌরসভা গঠিত হওয়ার পর প্রথম সভায় অথবা তৎপরবর্তী কোন সভায় কার্যপরিধি ও আড়াই বছর মেয়াদ নির্ধারণ করে বিধি অনুযায়ী নিম্নবর্ণিত স্থায়ী কমিটি গঠন করতে হবে।

কমিটিসমূহ :

- ক) সংস্থাপন ও অর্থ;
- খ) কর নিরূপণ ও আদায়;
- গ) হিসাব ও নিরীক্ষা;
- ঘ) নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন;
- ঙ) আইনশৃঙ্খলা এবং জননিরাপত্তা;

- চ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো;
- ছ) মহিলা ও শিশু;
- জ) মৎস্য ও পশু সম্পদ;
- ঝ) তথ্য ও সংস্কৃতি;
- এং) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ;

(২) উপরি-উক্ত স্থায়ী কমিটি ব্যতীত প্রতি পৌরসভা প্রয়োজনে অতিরিক্ত স্থায়ী কমিটি গঠন করতে পারবে এবং বিশেষ করে বেসরকারি সংস্থার সাথে সমন্বয়, দুর্যোগ ব্যবস্থাপনা, বাজার ব্যবস্থাপনা, নারী উন্নয়ন, দারিদ্র নিরসন ও বস্ত্র উন্নয়ন, স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন, আবর্জনা অপসারণ ও হস্তশিল্প ইত্যাদি বিষয়ক স্থায়ী কমিটি গঠন করা যেতে পারে।

(৩) পরিষদের স্থায়ী কমিটিতে সর্বাধিক ৫ জন সদস্য থাকবেন এবং উক্ত কমিটির সভাপতি ও সদস্যগণ পরিষদের সভায় কাউন্সিলরগণের মধ্যে হতে নির্বাচিত হবেন :

তবে শর্ত থাকে যে, মেয়র কোন স্থায়ী কমিটির সভাপতি হতে পারবেন না;

তবে আরও শর্ত থাকে যে, কোন কাউন্সিলর পরিষদের সিদ্ধান্ত ব্যতীত একের অধিক কমিটির সভাপতি হতে পারবেন না।

(৪) যে সকল পৌরসভার নির্বাচিত সদস্য সংখ্যার স্বল্পতাহেতু এই ধারায় প্রণীত সকল বিষয়ে পৃথক পৃথক স্থায়ী কমিটি কার্যকর করা সম্ভব হবে না, সে সকল পৌরসভার ক্ষেত্রে একাধিক বিষয়ে একটি স্থায়ী কমিটি গঠন করা যাবে।

(৫) প্রতিটি স্থায়ী কমিটিতে অনূন্য শতকরা ৪০ ভাগ নারী সদস্য থাকবে।

(৬) সকল স্থায়ী কমিটিতে মেয়র পদাধিকার বলে সদস্য থাকবেন এবং মেয়র আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি থাকবেন।

(৭) স্থায়ী কমিটির সভাপতি অথবা সদস্য লিখিতভাবে কমিটির পদ হতে পদত্যাগ করতে পারবেন এবং এ সংক্রান্ত পদত্যাগপত্র মেয়রকে সম্বোধন করে দিতে হবে এবং এইরূপ পত্র প্রাপ্তির তারিখ হতে পদত্যাগ কার্যকর হবে।

(৮) কোন স্থায়ী কমিটির সভাপতি বা সদস্য অনিবার্য কারণবশত দুই মাসের অধিক অনুপস্থিত থাকবার সম্ভাবনা থাকলে পরিষদ এর সভায় অন্য কোন কাউন্সিলরকে উক্ত স্থায়ী কমিটির সংশ্লিষ্ট পদের দায়িত্ব প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(৯) স্থায়ী কমিটি এর কাজের সুবিধার্থে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কোন একজন ব্যক্তিকে কমিটির সদস্য হিসেবে অস্থায়ীভুক্ত (Co-opt) করতে পারবেন।

(১০) স্থায়ী কমিটির বৈঠকের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কমিটিতে অস্থায়ীভুক্ত সদস্য (Co-opt member) এর কোন ভোটাধিকার থাকবেনা।

স্থায়ী কমিটির কার্যাবলী (ধারা-৫৬ অনুযায়ী):

(১) স্থায়ী কমিটির কার্যাবলী উপ-আইন দ্বারা নির্ধারিত হবে, তবে উপ-আইন প্রণীত না হওয়া পর্যন্ত পরিষদের সভায় স্থায়ী কমিটির কার্যাবলী নির্ধারণ করা যাবে।

(২) স্থায়ী কমিটির সুপারিশ পরিষদের পরবর্তী সভায় বিবেচিত হবে এবং কোন সুপারিশ পরিষদে গৃহীত না হলে তার যথার্থতা ও কারণ লিখিতভাবে স্থায়ী কমিটিকে জানাতে হবে।

(৩) স্থায়ী কমিটির সকল কার্যধারা পরিষদের সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত হবে।

৫.৯ শহর পরিকল্পনা শাখা (Urban Planning Section – UPS)

পৌরসভায় পরিকল্পিত নগরায়ন এবং উন্নয়ন নিয়ন্ত্রণের লক্ষ্যে শহর পরিকল্পনা শাখা গঠন করা অতীব জরুরী। এই শাখার মাধ্যমে পরিকল্পিতভাবে পৌরসভাকে একটি আধুনিক ও ভবিষ্যত প্রজন্মের জন্য বাসযোগ্য নগর বিনির্মাণ করা সম্ভব। এ লক্ষ্যে নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের UGIAP বাস্তবায়নের জন্য শহর পরিকল্পনা শাখা গঠন করতে হবে।

গঠন :

ক)	নির্বাহী/সহকারী প্রকৌশলী	: সভাপতি
খ)	স্বাস্থ্য কর্মকর্তা/স্যানিটারী পরিদর্শক	: সদস্য
গ)	সচিব	: সদস্য
ঘ)	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী	: সদস্য
ঙ)	বস্ত্র উন্নয়ন কর্মকর্তা	: সদস্য
চ)	শহর পরিকল্পনাবিদ/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী	: সদস্য-সচিব

কার্যপরিধি:

- ১। ত্রৈমাসিক ভিত্তিতে শহর পরিকল্পনা শাখার সভা অনুষ্ঠান করা। সভায় মহা-পরিকল্পনা/ভূমি ব্যবহার পরিকল্পনা, ভূমি উন্নয়ন, নির্মাণ নিয়ন্ত্রণসহ পরিকল্পিত শহর উন্নয়ন বিষয় নিয়ে আলোচনা করা;
- ২। আলোচ্য বিষয় এবং সভার সিদ্ধান্ত লিপিবদ্ধ করা, নাগরিক সচেতনতা বৃদ্ধির জন্য সেগুলি শহর সমন্বয় কমিটির সভায় আলোচনা করা এবং শহরের পরিকল্পিত উন্নয়নে নাগরিকদের সহযোগিতা কামনা করা;
- ৩। প্রকল্প ব্যবস্থাপনা ও সমন্বয় ইউনিট (PMCU) এর নির্দেশিত শহর পরিকল্পনা এবং উন্নয়ন সম্পর্কিত অন্যান্য বিষয় নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা;
- ৪। নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সঙ্গে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করা।

৫.১০ গণযোগাযোগ সেল (Mass Communication Cell – MCC)

